


স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.৯৯.০১৯.২১- ০৭০০

তারিখঃ ১০ অগ্রহায়ণ ১৪২৮
25 November 2021

সদয় দৃষ্টি আকর্ষণঃ সম্পাদক
সকল জাতীয় দৈনিক

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানি (ডেসকো) লিমিটেড এর নিয়োক্ত প্রেস বিজ্ঞপ্তিটি আপনার স্বনামধন্য পত্রিকায় প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

খন্যবাদান্তে,


২৫/১১/২০২১

প্রকৌঃ গাজী শাহরিয়ার পারভেজ
উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন)

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে ডেসকো কর্তৃক ব্যাডমিন্টন প্রতিযোগিতার উদ্বোধন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে ডেসকো'র গৃহীত কর্মসূচির অংশ হিসেবে ডেসকো'র কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ২৫/১১/২০২১ তারিখ বিকাল ৫:০০ ঘটিকায় নিকুঞ্জস্থ ডেসকো'র প্রধান কার্যালয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন ডেসকো বোর্ডের চেয়ারম্যান ও বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব (প্রশাসন) মোহাম্মদ সেলিম উদ্দিন। উদ্বোধনী অনুষ্ঠানে ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয়, নির্বাহী পরিচালক মহোদয়গণ এবং সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীগণ উপস্থিত ছিলেন। চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে উল্লেখ করেন জাতির পিতার জন্মশতবর্ষে আমরা শতভাগ বিদ্যুতায়নের মাইলফলক অর্জন করেছি। স্যানিটেশন, শিক্ষা, ভ্যাক্সিনেশনসহ সামাজিক সুরক্ষার প্রতিটি ক্ষেত্রে আমরা দক্ষিণ এশিয়ার অন্যসব দেশ হতে এগিয়ে আছি। জাতির পিতা আমাদের যে স্বাধীনতা দিয়ে গিয়েছেন এসবই হচ্ছে তার সুফল। তিনি আরও উল্লেখ করেন জাতির পিতা ক্রীড়ানুরাগী ছিলেন এবং তিনি ভালো ফুটবল খেলতেন।

ডেসকো'র নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর), যুগ্মসচিব খন্দকার জহিরুল ইসলাম তাঁর বক্তব্যে উল্লেখ করেন উন্নত গ্রাহক সেবার জন্য শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকা প্রয়োজন। আর এর জন্য খেলাধুলার বিকল্প নেই। জাতির পিতার জন্মশতবর্ষ উদ্‌যাপনের জন্য ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এর ধারাবাহিকতা বজায় রেখে কর্মকর্তা-কর্মচারীগণের জন্য নিয়মিত খেলাধুলা আয়োজনের উপর তিনি গুরুত্বারোপ করেন। সভাপতির বক্তব্যে ডেসকো'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখ করেন জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের অংশ হিসেবে ডেসকো কর্তৃক অফিসসমূহ সজ্জিতকরণ, গ্রাহকগণকে উন্নত সেবা প্রদান, খেলাধুলা প্রতিযোগিতার আয়োজনসহ নানা কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে। কোভিড-১৯ এর সংক্রমণ কিছুটা কমে আসায় খেলাধুলাসহ বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে উৎসবমুখর পরিবেশে জাতির পিতার জন্মশতবার্ষিকী উদ্‌যাপনের জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

সংযুক্তিঃ অনুষ্ঠানের ছবি।